

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: صُنِعْتُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بُرْدَةً سَوْدَاءً فَلَبِسَهَا فَلَمَّا عَرِقَ
فِيهَا وَجَدَ رِيحَ الصُّوفِ فَقَذَفَهَا. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৩৬৪-[৬১] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য একটি কালো বর্ণের চাদর তৈরি করা হলো। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তা পরিধান করলেন। যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাতে ঘর্মান্ত হয়ে উঠলেন এবং পশ্চের দুর্গন্ধ পেলেন, তখন তা খুলে ফেললেন। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] সহীহ : আবু দাউদ ৪০৭৪, সিলসিলাতুস্স সহীহাহ ২১৩৬, তাঙ্কীক মুসনাদে আহমাদ ২৫০৪৭, সহীহ ইবনু হিবান ৬৩৯৫, শু'আবুল ঈমান ৬১৬০, সুনানুন् নাসায়ী আল কুবরা ৯৫৬১, আস্স সুনানুল কুবরা লিল বাযহাকী ৪৩৫৪, মুসতাদরাক লিল হাকিম ৭৩৯৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এ হাদীস দ্বারা বুঝা গেলো যে, 'আয়িশাহ্ (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য কালো পশ্চের কাপড় দিয়ে একটি পোশাক বানিয়ে পরতে দিলে তিনি তা পরলেন। কিন্তু পরবর্তীতে পোশাকটি ঘামে ভিজে গেলে সেটা থেকে দুর্গন্ধ বের হচ্ছিল। তাই তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সেটি খুলে ফেললেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুগন্ধি পছন্দ করতেন কিন্তু দুর্গন্ধ অপছন্দ করতেন। এ হাদীস দ্বারা প্রমাণিত হলো কালো কাপড় পরিধান বৈধ এবং মাকরুহ নয়। ('আওনুল মা'বুদ ৭ম খন্ড, হাঃ ৪০৭০)

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা পরেছিলেন কিন্তু ঘামের কারণে তা ভিজে গেলে ভেড়ার পশ্চের দুর্গন্ধ

বের হলে দুর্ঘন্দের কারণে তা খুলে ফেলেন। অন্য কোন কারণে নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75088>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন